রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ৬ জ্যৈষ্ঠ ১৪১৪/২০ মে ২০০৭

এস, আর, ও নং ৮০-আইন/২০০৭/২১৩২/শুল্ক।—Customs Act, 1969 (Act IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এ উল্লিখিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

শর্তাবলী ঃ

(ক) কেবলমাত্র বিনিয়োগ বোর্ড ও ভ্যাট নিবন্ধিত স্থানীয়ভাবে Generator প্রস্তুতকারী অথবা Generator Assembling প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে;

(খ) আমদানিকৃত মালামালের পরিমাণ ও ব্যবহার নিশ্চিতকল্পে পণ্যচালান শুল্কায়ন তথা খালাসকালে আমদানিকারক প্রতিষ্ঠানকে অত্র প্রজ্ঞাপনের 'পরিশিষ্ট-১' অনুযায়ী স্থানীয় কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কার্যালয় কর্তৃক এবং 'পরিশিষ্ট-২' অনুযায়ী এলসি ইস্যুকারী ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর বরাবর দাখিল করিতে হইবে;

(গ) Registered Generator প্রস্তুতকারী অথবা Generator Assembling প্রতিষ্ঠান কর্তৃক 'পরিশিষ্ট-৩' অনুযায়ী যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে;

(ঘ) পণ্য খালাস হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্থানীয় কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ হইতে 'পরিশিষ্ট-৪' অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বরাবরে দাখিল করিতে হইবে; এবং

(ঙ) উল্লিখিত শর্ত (গ) মোতাবেক প্রদত্ত অঙ্গীকার লংঘিত হইয়াছে মর্মে প্রমাণিত হইলে, আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য সমুদয় শুল্ক ও কর মাসিক ৫% (শতকরা পাঁচ ভাগ) সুদসহ আদায়যোগ্য হইবে।

**TABLE**

| ক্রমিক নং | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যের বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 01. | 8407.90.90 | Spark-ignition reciprocating or rotary internal combustion piston engines.<br>-Other engines<br>---Other |
| 02. | 8408.90.90 | Compression-ignition internal combustion piston engines (diesel or semi-diesel engines).<br>-Other engines<br>---Other |
| 03. | 8501.61.90 | -AC generators (alternators):<br>--Of an output exceeding 375 KVA<br>---Other |
| 04. | 8501.62.90 | -AC generators (alternators):<br>--Of an output exceeding 75 KVA but not exceeding 375 KVA<br>---Other |
| 05. | 8501.63.90 | -AC generators (alternators):<br>--Of an output exceeding 375 KVA but not exceeding 750 KVA<br>---Other |
| 06. | 8501.64.90 | -AC generators (alternators):<br>--Of an output exceeding 750 KVA<br>---Other |

পরিশিষ্ট-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ**

.....................................

**প্রত্যয়নপত্র**

**[ শর্ত (খ) দ্রষ্টব্য ]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ............................ (আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড ও ভ্যাট বিভাগীয় দপ্তর কর্তৃক Generator Assembling Plant হিসেবে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান (যাহার নিবন্ধন নম্বর ........................ ও .........................), যাহা Generator Assembling সংক্রান্ত কাজে নিয়োজিত। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং .................... তারিখ ঃ................................. ইনভয়েস নং ............................. তারিখ ঃ........................................................ বি, এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং............................................তারিখ ঃ.......................................... এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে মর্মে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁহাদের আবেদনে জানাইয়াছেন। সরেজমিনে পরিদর্শন করিয়া প্রতিষ্ঠানের অবস্থান, মালিকানা সংক্রান্ত দলিলাদি ও কার্যক্রম যথাযথ মর্মে দেখা গিয়াছে।

স্বাক্ষর ঃ

তারিখ ঃ

(মূসক বিভাগীয় কর্মকর্তার
নাম ও পদবী সংক্রান্ত সীল)

পরিশিষ্ট-২

[ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের......., ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর, ও নং............
এর শর্ত (খ) দ্রষ্টব্য ]

প্রত্যয়নপত্র

[ শর্ত (খ) দ্রষ্টব্য ]

এতদ্বারা এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/মেসার্স ............................ এর স্বত্বাধিকারী ........................... এই ব্যাংকের একজন সম্মানিত গ্রাহক। তিনি ...................বৎসর যাবত এই ব্যাংকের সহিত নিয়মিত আর্থিক লেন-দেন করিতেছেন। আহার লেন-দেন কার্যক্রম সন্তোষজনক।

জনাব/মেসার্স............................................................ কর্তৃক.................................... নং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্টে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ১০০% রপ্তানিমুখী ....................... শিল্পে ব্যবহৃত হইবে।

তারিখ ঃ

নাম ঃ

পদবী ঃ

সীল ঃ

পরিশিষ্ট-৩

অঙ্গীকারনামা

[ শর্ত (গ) দ্রষ্টব্য ]

আমি .................................. (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স................. ...................................................(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ..................... তারিখঃ .................. ইনভয়েস নং ............... তারিখঃ .............বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ..................তারিখঃ..................এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উল্লিখিত প্রতিষ্ঠানের নিজস্ব Plant-এ Generator Assembling সংক্রান্ত কাজে ব্যবহার করিব।

শুল্ক বা স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট অভিযোগ বা তদন্তের ভিত্তিতে যদি প্রমাণিত হয় যে, আমদানিকৃত মালামাল সম্পূর্ণরূপে Assembling এর জন্য ব্যবহৃত হয় নাই, তাহা হইলে আমদানিকৃত সমুদয় মালামালের উপর প্রযোজ্য শুল্ক ও অন্যান্য কর এবং প্রযোজ্য ক্ষেত্রে সুদ ও জরিমানাসহ সকল দাবী পরিশোধ করিতে বাধ্য থাকিব। এ ছাড়াও The Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোন শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

তারিখ ঃ

স্বাক্ষর ঃ.........................................................

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ.....................

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ .................................

পরিশিষ্ট-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ**

..............................

**প্রত্যয়নপত্র**

**[ শর্ত (ঘ) দ্রষ্টব্য ]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ......................(আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড ও ভ্যাট বিভাগীয় দপ্তর কর্তৃক Generator Assembling Plant হিসেবে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান (যাহার নিবন্ধন নম্বর ..................ও ................), যাহা সরেজমিন পরিদর্শনকালে দেখা গিয়াছে যে, আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ................. তারিখঃ ......................ইনভয়েস নং .................................. তারিখঃ ...................... বি,এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং .................... তারিখঃ .............. এর বিপরীতে আমদানিকৃত ............ ও অন্যান্য যন্ত্রপাতি প্রতিষ্ঠানের ক্রয় রেজিস্টারে যথাযথভাবে এন্ট্রি করা হইয়াছে। উৎপাদনকালে উক্ত পণ্য সামগ্রী যথাযথভাবে ব্যবহৃত হইতেছে কী-না তা পরবর্তীতে মনিটর করা হইবে।

তারিখ ঃ

স্বাক্ষর ঃ
(মূসক বিভাগীয় কর্মকর্তার
নাম ও পদবী সংক্রান্ত সীল)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. রশিদ উল আহসান চৌধুরী**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।